গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

১৯৭২ সালের ২৬ মার্চ বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ট্রারপ্রাইজেস (রাষ্ট্রীয়করণ) অর্ডার ২৭, ১৯৭২ এর মাধ্যমে বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন (বিটিএমসি) প্রতিষ্ঠিত হয়। বিটিএমসি একটি স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠান হিসেবে টেক্সটাইল সেক্টর, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। শিল্পায়ন, কর্মসংস্থান ও সম্পত্তির সবোর্ত্তম ব্যবহারসহ সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) কর্তৃক নীতিগত অনুমোদন প্রাপ্ত বিটিএমসি'র ১৬টি বন্ধ মিল পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর আওতায় চালু করার নিমিত্তে ১ম পর্যায়ে ২টি মিলের (আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিল ও কাদেরিয়া টেক্সটাইল মিল) আন্তর্জাতিক দরপত্র আহবানের মাধ্যমে নির্বাচিত প্রাইভেট পার্টনারের সাথে আনুষ্ঠানিকভাবে চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে। এর মধ্যে ১টি মিলের জমি (কাদেরিয়া টেক্সটাইল মিল) গ্রীণ ফিল্ড হিসেবে হস্তান্তর করা হয়েছে এবং অপর ১টি মিল (আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিল) হস্তান্তরের চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ২য় পর্যায়ে ৪টি মিলের (আর আর, রাজশাহী, মাগুরা ও দোস্ত টেক্সটাইল মিল) আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়েছে এবং জুন ২০২২ এর মধ্যে দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা হবে। মতিঝিলের হাটখোলাস্থ ১.১১৭ একর জমি বাংলাদেশ পুলিশের নিকট বিক্রি করে ৮৮.৯০ কোটি টাকা পাওয়া গেছে এবং হাটখোলাস্থ ৪.২৫৪৩ একর জমি সিটি জরিপে ৫০টি আপিল মামলার মাধ্যমে বিটিএমসির নামে রেকর্ড ও গেজেট সম্পন্ন হয়েছে। বিগত ৩ বছরে বিটিএমসি'র ৪৭টি মামলা এবং ১৮৯৪টি অডিট আপত্তি নিস্পত্তি করা হয়েছে। চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লীর ১০টি প্লট বিক্রি করা হয়েছে এবং ১টি প্লটে কারখানা স্থাপনপূর্বক উৎপাদন কার্যক্রম চালু হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

পিপিপি'র আওতায় পরিচালিত মিলসমূহের জমি বন্ধক দেয়ার বিধান না থাকায় প্রকল্প সমূহে প্রাইভেট পার্টনার তথা বেসরকারী বিনিয়োগকারীদের জন্য ব্যাংক কর্তৃক প্রকল্প ঋণের (Project Financing) ব্যবস্থা করা। সরকার ও ব্যাংকের নিকট বিটিএমসি'র দায়-দেনা নিস্পত্তি করা, চলমান মামলাসমূহ ও অডিট আপত্তিসমূহের নিস্পত্তি করা এবং মিলসমূহের দীর্ঘ মেয়াদী বিভিন্ন ইউটিলিটি বিল (গ্যাস, পানি ও বিদ্যুৎ) ও পৌর/ভূমি কর পরিশোধ/নিস্পত্তি করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সিসিইএ কর্তৃক নীতিগত অনুমোদনপ্রাপ্ত বিটিএমসি'র অবশিষ্ট ১৪ টি মিল পিপিপি'র প্রক্রিয়া অনুসরণ করত পর্যায়ক্রমে চালু করা। বিটিএমসি'র অপর ৯টি মিলের মধ্যে ১টি মিলে টেক্সটাইল পল্লী, ১টি মিল পিপিপি এর আওতায় কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন এবং ৭টি মিল পিপিপি অথবা লীজ প্রক্রিয়ার মাধ্যমে চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। এছাড়াও পিপিপি'তে বিনিয়োগকারীদের আকৃষ্ট করার জন্য বেজা ও বেপজার ন্যায় বিভিন্ন সুযোগ সুবিধা প্রাপ্তি বিশেষত প্রকল্প ঋণ সুবিধা নিশ্চিতের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে ২য় পর্যায়ে ৪টি মিলের মধ্যে ২টি মিল চালুকরণের লক্ষ্যে ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ;
- ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে অবশিষ্ট ২টি মিল চালুকরণের লক্ষ্যে পুন:দরপত্র আহবান ও দরপত্র মূল্যায়ন সম্পন্ন করা;
- দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদেরকে নিয়ে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন;
- বিটিএমসি ভবন ভাড়া বাবদ আয় ১০০০ লক্ষ টাকা;
- মিলের কার্যক্রম পরিবীক্ষণের নিমিত্তে বিটিএমসি কর্তৃপক্ষ কর্তৃক নিয়ন্ত্রণাধীণ সকল মিল পরিদর্শন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ....জুন.... মাসের ....২৮.... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

বস্ত্র শিল্পের বিকাশে সহায়ক ভূমিকা পালন করা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহ ও এর সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠান ও দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখা।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. মানবসম্পদ উন্নয়ন;
২. বস্ত্রখাতে বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ;
৩. বিটিএমসি'র আয় বৃদ্ধিকরণ;
৪. বিটিএমসি নিয়ন্ত্রণাধীন মিলসমূহ পরিবীক্ষণ।

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) কর্তৃক অনুমোদিত ১৬টি মিল সফলভাবে পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর আওতায় পরিচালনার নিমিত্তে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে সমন্বিতভাবে উদ্যোগ গ্রহণ এবং দেশী বিদেশী উদ্যোক্তাদের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টিতে প্রয়োজনীয় সকল সহায়তা প্রদান করা;
২. বিটিএমসি নিয়ন্ত্রণাধীন ভাড়ায় পরিচালিত মিলসমূহ সুষ্ঠুভাবে পরিচালনা করা এবং বন্ধ মিলসমূহ পিপিপি, ভাড়া, লীজ অথবা অন্য যেকোন উপযুক্ত পদ্ধতিতে পরিচালনার জন্য উদ্যোগ গ্রহণ করা;
৩. বিটিএমসি'র প্রধান কার্যালয়সহ বিভিন্ন মিলের ভূমি ও স্থাপনার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতের মাধ্যমে সংস্থার সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করা;

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| বস্ত্র শিল্পের বিকাশে অবদান | বন্ধ মিল চালুর নিমিত্তে পিপিপি'তে হস্তান্তর | সংখ্যা | | | ১ | ২ | ২ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) কর্তৃপক্ষ | বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

**সেকশন ৩**

**কর্মসম্পাদন পরিকল্পনা**

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] মানবসম্পদ উন্নয়ন; | ৩৫ | [১.১] দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [১.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা | সমষ্টি | সংখ্যা | ১০ | | | ৩৫ | ৩৩ | ৩০ | ২৮ | ২৫ | ৪০ | ৪৫ |
| | | [১.২] দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [১.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মচারী | সমষ্টি | সংখ্যা | ১০ | | | ৩৫ | ৩৩ | ৩০ | ২৮ | ২৫ | ৪০ | ৪৫ |
| | | [১.৩] দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মিলসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন | [১.৩.১] সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১০ | | | ২ | ১ | | | | | |
| | | [১.৪] বিটিএমসি'র এপিএ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন | [১.৪.১] সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ১ | | | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] বস্ত্রখাতে বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ; | ১৫ | [২.১] পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে ২টি মিল চালুকরণের লক্ষ্যে ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ | [২.১.১] দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক প্রাইভেট পার্টনার নির্বাচনপূর্বক ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ১৬.০৫.২৩ | ৩১.০৫.২৩ | ২০.০৬.২৩ | | | | |
| | | [২.২] পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে অবশিষ্ট ২টি মিলের পুন:দরপত্র আহবানপূর্বক দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা | [২.২.১] দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকৃত | তারিখ | তারিখ | ১০ | | | ১১.০৬.২৩ | ২৫.০৬.২৩ | ৩০.০৬.২৩ | | | | |
| [৩] বিটিএমসি'র আয় বৃদ্ধিকরণ; | ১০ | [৩.১] বিটিএমসি ভবন ভাড়া বাবদ আয় | [৩.১.১] আদায়কৃত ভাড়া | সমষ্টি | লক্ষ টাকা | ১০ | ৩৫০ | ৯০০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ১০৫০ | ১১০০ |
| [৪] বিটিএমসি নিয়ন্ত্রণাধীন মিলসমূহ পরিবীক্ষণ। | ১০ | [৪.১] মিলের কার্যক্রম পরিবীক্ষণের নিমিত্তে বিটিএমসি কর্তৃপক্ষ কর্তৃক মিল পরিদর্শন | [৪.১.১] পরিদর্শনকৃত মিল | সমষ্টি | সংখ্যা | ১০ | ২৫ | ২৫ | ২৫ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ২৫ | ২৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৮/০৬/2022

চেয়ারম্যান
বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন

তারিখ

২৮/০৬/2022

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| [illegible] | [illegible] | বিবরণ |
|---|---|---|
| [illegible] | [illegible] | পাবলিক প্রাইভেট পার্টনারশীপ |
| [illegible] | [illegible] | বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন |
| [illegible] | [illegible] | অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [১.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা | অর্থ ও এমআইএস বিভাগ, বিটিএমসি | প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন-এর তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, প্রশিক্ষণার্থীর/অংশগ্রহণকারীর সংখ্যা এবং প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে; |
| [১.২] দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [১.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মচারী | অর্থ ও এমআইএস বিভাগ, বিটিএমসি | প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন-এর তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, প্রশিক্ষণার্থীর/অংশগ্রহণকারীর সংখ্যা এবং প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে; |
| [১.৩] দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মিলসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন | [১.৩.১] সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজিত | অর্থ ও এমআইএস বিভাগ, বিটিএমসি | প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন-এর তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, প্রশিক্ষণার্থীর/অংশগ্রহণকারীর সংখ্যা এবং প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে; |
| [১.৪] বিটিএমসি'র এপিএ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন | [১.৪.১] সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজিত | অর্থ ও এমআইএস বিভাগ, বিটিএমসি | প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন-এর তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, প্রশিক্ষণার্থীর/অংশগ্রহণকারীর সংখ্যা এবং প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে; |
| [২.১] পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে ২টি মিল চালুকরণের লক্ষ্যে ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ | [২.১.১] দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক প্রাইভেট পার্টনার নির্বাচনপূর্বক ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণকৃত | বাণিজ্য বিভাগ, বিটিএমসি | পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে ২টি মিল চালুকরণের লক্ষ্যে ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণের কপি; |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.২] পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে অবশিষ্ট ২টি মিলের পুন:দরপত্র আহবানপূর্বক দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা | [২.২.১] দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকৃত | বাণিজ্য বিভাগ, বিটিএমসি | পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে অবশিষ্ট ২টি মিলের পুন:দরপত্র আহবানপূর্বক দরপত্র মূল্যায়ন প্রতিবেদন; |
| [৩.১] বিটিএমসি ভবন ভাড়া বাবদ আয় | [৩.১.১] আদায়কৃত ভাড়া | হিসাব ও উন্নয়ন বিভাগ, বিটিএমসি | সংশ্লিষ্ট কর্মকর্তার সীল ও স্বাক্ষরযুক্ত প্রতিবেদন; |
| [৪.১] মিলের কার্যক্রম পরিবীক্ষণের নিমিত্তে বিটিএমসি কর্তৃপক্ষ কর্তৃক মিল পরিদর্শন | [৪.১.১] পরিদর্শনকৃত মিল | চেয়ারম্যান মহোদয়ের শাখা, বিটিএমসি | পরিদর্শন/তদারকির তথ্য সম্বলিত (পরিদর্শনের তারিখ, পরিদর্শনের স্থান/সাইট/অফিসের নাম, পরিদর্শনকারী কর্মকর্তান নাম ও পদবী) একটি সামারি শিট দাখিল করতে হবে। সকল পরিদর্শন/তদারকি প্রতিবেদন সংরক্ষণ করতে হবে; |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে অবশিষ্ট ২টি মিলের পুন:দরপত্র আহবানপূর্বক দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা | দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা | পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ কর্তৃপক্ষ | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ে সভা আয়োজন করা |
| পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে বিটিএমসি'র ২য় পর্যায়ের ৪টি মিলের মধ্যে ২টি মিল চালুকরণের লক্ষ্যে ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ | ভেটিংকৃত ডকুমেন্টস অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর চূড়ান্ত অনুমোদনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাধ্যমে সভা আয়োজন করা। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ